

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১২.০০১.১৭.১৯৯৬

তারিখ: ০৫ আশ্বিন ১৪২৮
২০ সেপ্টেম্বর ২০২১

বিষয় : জেলা পরিষদসমূহের সাংগঠনিক কাঠামোভুক্ত 'প্রশাসনিক কর্মকর্তা (১০ম গ্রেড)' পদে পদোন্নতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত 'প্রশাসনিক অফিসার (১০ম গ্রেড)' পদে পদোন্নতি প্রদানের লক্ষ্যে গত ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখে স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বাছাই কমিটির সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:


ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২.১	১৩ সেপ্টেম্বর ২০২১ এর মধ্যে জেলা পরিষদসমূহে যে সকল কর্মচারী প্রশাসনিক অফিসার পদে ফিডারভুক্ত হওয়ায় যোগ্যতা অর্জন করেছেন, সে সকল কর্মচারীর চাকুরি সংক্রান্ত তথ্য সংগ্রহ করতে হবে।	স্থানীয় সরকার বিভাগ
২.২	প্রত্যেক জেলা পরিষদ হতে স্ব স্ব কর্মচারীদের গ্রেডেশন তালিকা চূড়ান্ত করে আগামী ১৫(পনের) কর্মদিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে। উক্ত তালিকার ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক একটি সমন্বিত গ্রেডেশন তালিকা প্রস্তুত করা হবে। বাছাই কমিটির পরবর্তী সভায় সমন্বিত গ্রেডেশন তালিকা (খসড়া) উপস্থাপন করতে হবে।	১. স্থানীয় সরকার বিভাগ ২. জেলা পরিষদ (সকল)

২। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী গত ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখে জেলা পরিষদসমূহের যে সকল কর্মচারী প্রশাসনিক অফিসার পদে ফিডারভুক্ত হওয়ায় যোগ্যতা অর্জন করেছেন, সে সকল কর্মচারীর চাকুরি সংক্রান্ত নিম্নবর্ণিত তথ্য প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- মূল চাকুরি বহি,
- নিয়োগপত্র ও পদোন্নতির আদেশের সত্যায়িত ছায়ািলিপি,
- শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ছায়ািলিপি,
- বিগত ৫(পাঁচ) বছরের এসিআর (২০২০ পর্যন্ত),
- সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা/ শৃংখলা পরিপন্থী কোন অভিযোগ নেই মর্মে প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র।

৩। ইতোমধ্যে যে সকল কর্মচারীর তথ্য প্রেরণ করা হয়েছে, তাঁদের ২০২০ সালের এসিআর (প্রেরণ করা না হয়ে থাকলে) এবং কোন বিভাগীয় মামলা রয়েছে কিনা, এই মর্মে তথ্য প্রদানের জন্যও অনুরোধ করা হলো।

৪। এছাড়াও, স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এর বিধি ১৪(৫) অনুযায়ী জেলা পরিষদের প্রশাসনিক কর্মকর্তা পদের ফিডার পদধারী কর্মচারীদের গ্রেডওয়ারি জ্যেষ্ঠতার তালিকা **আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ এর মধ্যে** এ বিভাগে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ
..... (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন) স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।